

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
কাস্টমস ও মূল্য সংযোজন কর
প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/২১ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

এস আর ও নং ১৩৪ আইন/২০২৪/১২ কাস্টমস।—সরকার Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ ২০১২ সনের ৪৭ নং আইন এর ধারা ১২৬ এর উপ ধারা ১ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে জনস্বার্থে ২৪ মে ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস আর ও নং ১১৬ আইন/ ২০২১/০৫ কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল যথা —

উপরি উক্ত প্রজ্ঞাপনের—

- ১) সর্বত্র উল্লিখিত “আনুষঙ্গিক ডিজিটাল পণ্য” শব্দসমূহের পরিবর্তে “অন্যান্য ডিজিটাল পণ্য অথবা ডিজিটাল ডিভাইস” শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;
- ২) দফা ১ এর শর্তসমূহের শর্ত নং (ক) এর ব্যাখ্যার দফা (আ) এর পর নিম্নরূপ নূতন দফা (ই) সংযোজিত হইবে, যথা :—

“(ই) “অন্যান্য ডিজিটাল পণ্য অথবা ডিজিটাল ডিভাইস” অর্থ কম্পিউটার প্রিন্টার, টোনার কার্টিজ বা ইন্কজেট কার্টিজ, কম্পিউটার প্রিন্টারের যন্ত্রাংশ, কম্পিউটার, ল্যাপটপ, AIO, ডেস্কটপ, নোটবুক, নোটপ্যাড, ট্যাব, সার্ভার, কিবোর্ড, মাউস, বারকোড বা কিউআর স্ক্যানার, র‍্যাম, পিসিবিএ বা মাদারবোর্ড, পাওয়ার ব্যাংক, রাউটার, নেটওয়ার্ক সুইচ, মডেম, নেটওয়ার্ক ডিভাইস বা হাব, স্পিকার, সাউন্ড সিস্টেম, ইয়ারফোন বা হেডফোন, এস.এস.ডি বা পোর্টেবল এস.এস.ডি, হার্ড ডিস্ক ড্রাইভ, পেনড্রাইভ, মাইক্রো-এসডি কার্ড, ফ্ল্যাশ মেমরি কার্ড, মনিটর (২২” এর অধিক নহে), প্রজেক্টর, Printed Circuit Board, ইরাইটিং প্যাড, ইউএসবি ক্যাবল বা ডাটা ক্যাবল, ডিজিটাল ওয়াচ, Loaded PCB;”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৮২৩৩)

মূল্য : টাকা ৪.০০